

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১৯৬.২০১২- ১৩১৮

তারিখ : ২৫ অক্টোবর ১৪২২ বঙ্গাব্দ  
২০ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় : ভোলা জেলার চরফ্যাশন উপজেলার মায়াদীর ব্রিজের উত্তর পার্শ্বের কালভার্টের উত্তর পাশের সংযোগ সড়ক পুনর্নির্মাণ।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চরফ্যাশন-এর স্মারক নং-৪৬.১০.০৯২৫.০০০.০১২.০৭.১৫. ৯৩৭; তারিখ: ১১  
নভেম্বর, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ভোলা জেলার চরফ্যাশন উপজেলার মায়াদীর ব্রিজের উত্তর পার্শ্বের কালভার্টের উত্তর পাশের সংযোগ সড়কটি রাজস্ব তহবিল হতে পুনর্নির্মাণের প্রস্তাবটি বিবেচনার পূর্বে নিম্নরূপ তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) সংযোগ সড়ক/এপ্রোচ রোড নির্মাণের কোন বরাদ্দ রয়েছে কিনা সে সংক্রান্ত প্রত্যয়ন পত্র নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ভোলা হতে সংগ্রহ করে প্রেরণ;
- (খ), উক্ত সংযোগ সড়ক পুনর্নির্মাণের বিষয়ে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডির সুস্পষ্ট মতামতসহ কারিগরি প্রতিবেদন প্রেরণ;
- (গ) রাজস্ব তহবিলের বর্তমান স্থিতি (ব্যাংক বিবরণীসহ);
- (ঘ) উক্ত সংযোগ সড়কটি পুনর্নির্মাণ করা হলে সংশ্লিষ্ট উপজেলার জনগণ কতটুকু সুফল ভোগ করবে সেসম্পর্কিত প্রতিবেদন প্রেরণ।

J.A. in  
20/12/2015

(ড. জুলিয়া মঈন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৬২২৪৭

Email : uz1lgd@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার  
চরফ্যাশন, ভোলা।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, ভোলা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরফ্যাশন, ভোলা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।